# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ২৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৫]

২. কিতাবুল ঈমান (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ আল্লাহর বাণীঃ তারা যদি তাওবা করে, নামায কায়েম করে এবং যাকাত প্রদান করে তাহলে তাদেরকে ছেড়ে দাও

بَابُ: {فَإِنْ تَابُوا وَأَقَامُوا الصَّلاَةَ وَآتَوُا الزَّكَاةَ فَخَلُّوا سَبِيلَهُمْ}

---

আরবী

□□ـ وعَنْهُ رَضِيَ اللهُ عَنْهُمَا: أَنَّ رَسُولَ اللَّهِ قَالَ أُمِرْتُ أَنْ أُقَاتِلَ النَّاسَ حَتَّى يَشْهَدُوا أَنْ لا إِلَهَ إِلاَّ اللَّهُ وَأَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ، وَيُقِيمُوا الصَّلاةَ، وَيُؤْتُوا الزَّكَاةَ، فَإِذَا فَعَلُوا ذَلِكَ عَصَمُوا مِنِّي دِمَاءَهُمْ وَأَمْوَالَهُمْ إِلا بِحَقِّ الإِسْلامِ، وَحِسَابُهُمْ عَلَى اللَّهِ. (بخارى:□□)

বাংলা

২৪) ইবনে উমার (রাঃ) হতে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ আমাকে মানুষের সাথে যুদ্ধ করার আদেশ দেয়া হয়েছে যে পর্যন্ত না তারা এ সাক্ষ্য দিবে যে, আল্লাহ ছাড়া সত্য কোন মা’বূদ নেই এবং মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আল্লাহর রাসূল, নামায কায়েম করবে এবং যাকাত দিবে। তারা যখন উপরোক্ত কাজগুলো করবে, তখন তারা তাদের জান-মালকে আমার হাত থেকে নিরাপদ করে নিবে। তবে ইসলামের হক ব্যতীত। অর্থাৎ ইসলাম গ্রহণের পর কারো উপর যদি কোন অপরাধের কারণে দন্ডবিধি ওয়াজিব হয় তবে তা রহিত হবেনা। বরং ইসলামের অধিকারের কারণে তার উপর অবশ্যই সে শাস্তি কায়েম করা হবে। আর তাদের অন্তরের বিষয়টি আল্লাহর উপর ন্যস্ত রইল।

## English

The Statement of Allah Jalla Jalalahu) "But if they repent [by rejecting Shirk (polytheism) and accept Islamic Monotheism] and perform As-Salat (Iqamat-as-Salat) and give Zakat then leave their way free."

Narrated Ibn 'Umar:

Allah's Messenger (ﷺ) said: "I have been ordered (by Allah) to fight against the people until they testify that none has the right to be worshipped but Allah and that Muhammad is Allah's Messenger (ﷺ), and offer the prayers perfectly and give the obligatory charity, so if they perform that, then they

save their lives and property from me except for Islamic laws and then their reckoning (accounts) will be done by Allah."

## ফুটনোট

ইসলামিক ফাউন্ডেশনঃ ২৪
ইসলামিক সেন্টারঃ ২৪

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88719

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন